দৈনিক ইত্তেফাক

তারিখ 28 NOV 1998
পৃষ্ঠা ৪ কলাম ৪

24

## শিক্ষামন্ত্রী সমীপে

সরকারী স্কুল-কলেজে ৪ বৎসরের অধিক সময় কর্মরত শিক্ষকদের অন্যত্র বদলির জন্য শিক্ষা মন্ত্রণালয় শিক্ষা অধিদপ্তরকে নির্দেশ দিয়াছে। প্রচলিত নিয়মে একই কর্মস্থলে ৩ বৎসরের বেশী সময় থাকার কথা নয়। তাই এই উদ্যোগ প্রশংসার দাবী রাখে। কিন্তু সরকারী প্রাথমিক বিদ্যালয়গুলিতে উল্টা নিয়ম দেখা যায়। একই প্রতিষ্ঠানে যোগদানের তারিখ বিচারে যাঁহারা কনিষ্ঠ তাঁহাদেরই সমন্বয়ের নামে অন্যত্র বদলি করা হইতেছে। পক্ষান্তরে ১০/১৫ বৎসর যাবৎ একই প্রতিষ্ঠানে কর্মরতদের বদলি করা হইতেছে না। আরো দুঃখের কথা হইতেছে যে, সমন্বয়ের নামে যাঁহাদের অন্যত্র বদলি করা হইয়াছে-শিফট সংকোচনের নামে তাঁহাদেরই আবার অন্যত্র বদলির উদ্যোগ নেওয়া হইয়াছে। কিন্তু প্রশ্ন হইতেছে ১০/১৫ বৎসর যাবৎ একই প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষকদের কখনও কি অন্যত্র বদলি করা হইবে না? বিষয়টির প্রতি মাননীয় শিক্ষামন্ত্রীর দৃষ্টি আকর্ষণ করিতেছি।

মোঃ ইউসুফ মল্লিক,
৬৬৯-নবীনবাগ, মেরাদিয়া, ঢাকা।